

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৮০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯৮. মহিলাদের কাতার এবং তারা পিছনের কাতারে দাঁড়াবে, প্রথম কাতারে নয়

باب صنف النِّسَاءِ وَكَرَاهِيَةِ التَّأْخُرِ عَن الصَّف الأَوَّلِ

আরবী

حَدَّتَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، وَمُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ الْخُزَاعِيُّ، قَالَا حَدَّتَنَا أَبُو الأَشْهَبِ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم رَأَى فِي أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم رَأَى فِي أَصْحَابِهِ تَأَخُّرًا فَقَالَ لَهُمْ " تَقَدَّمُوا فَائْتَمُّوا بِي وَلْيَأْتُمَّ بِكُمْ مَنْ بَعْدَكُمْ وَلَا يَزَالُ قَوْمٌ يَتَأَخَّرُونَ حَتَّى يُؤَخِّرَهُمُ اللهُ عَزَّ وَجَلَّ " .

_ صحيح : م

বাংলা

৬৮০। আবূ সাঈদ আল-খুদরী (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদেরকে প্রথম কাতারে দাঁড়াতে বিলম্ব করতে দেখে বললেনঃ সামনে আস এবং আমার অনুকরণ কর। আর তোমাদের পরের লোকেরাও তোমাদের অনুসরণ করবে। একদল লোক সর্বদাই (প্রথম কাতার থেকে) পিছনের দিকে সরতে থাকবে। ফলে মহান আল্লাহও তাদের পিছনে ফেলে রাখবেন।[1]

সহীহ: মুসলিম।

English

Abu Sa'Id al-Khudri said; The Messenger of Allah (ﷺ) saw a tendency among his companions to go to the back. He said to them; come forward and follow my lead, and let those who come after you follow your lead people will continue to keep to the back till Allah would put them at the back.

ফুটনোট



[1] মুসলিম (অধ্যায়ঃ সালাত, অনুঃ কাতার সোজা করা), নাসায়ী (অধ্যায়ঃ ইমামাত, অনুঃ যে ইমামের ইকতিদা করেছে তার ইকতিদা করা, হাঃ ৭৯৪), ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত কায়িম, অনুঃ যার ইমামের কাছে দাঁড়ানো মুস্তাহাব, হাঃ ৯৭৮), আহমাদ (৩/৪৩) আবূল আশহাব সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন